

বিষয়ঃ Innovation Team এর কার্যক্রমের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মো: নূরুল আলম যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
সভার তারিখ	:	১৬/০৫/২০১৯ খ্রি.
সময়	:	বিকাল ২.০০ টা
স্থান	:	যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) এর অফিস কক্ষ উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখার সিনিয়র সহকারী সচিব জনাব মো: আনোয়ার হোসেনকে অনুরোধ করেন। জনাব মো: আনোয়ার হোসেন বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন 'বাংলাদেশ পরিসংখ্যান' বিষয়ে একটি এনড্রইড এ্যাপস তৈরী করা হয়েছে। একই সাথে পরিসংখ্যান ভবনের নিচ তলায় একটি এলসিডি মনিটর স্থাপন করা হয়েছে। তিনি আরও বলেন বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুযায়ী ১০ টি সভার মধ্যে অদ্যকার সভাসহ মোট ৯ টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সিস্টেম এনালিস্ট বলেন যে, কর্মপরিকল্পনার ৫ নং ক্রমিক অনুযায়ী (ক) ওভারসিজি ডিজিট ড্রেকার ও (খ) বাংলাদেশ পরিসংখ্যান নামে ২টি উদ্ভাবনী উদ্যোগ গত মার্চ/২০১৯ এ পাইলটিং হিসেবে বাস্তবায়ন হয়েছে।

২। সভায় সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের উপর ধারাবাহিক বর্ণনা দিয়ে বলেন যে, কর্মপরিকল্পনার ৩নং ক্রমিক এ উল্লিখিত অবশিষ্ট সেমিনার/ওরিয়েন্টেশন/ওয়ার্কশপ/প্রশিক্ষণসমূহ অতি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। এছাড়া অন্যান্য অবশিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথাসময় বাস্তবায়ন করা জরুরী।

৩। সভায় বিস্তারিত আলোচনা করার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- আগামী ২৪ ও ২৫ জুন ২০১৯ এ এক দিনের ২টি ওরিয়েন্টেশন-বিবিএস ও মাঠ পর্যায়ের (প্রতিটিতে ২০ জন করে) কর্মকর্তাগণের সমন্বয়ে আয়োজন করতে হবে। স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ।
- আগামী ২৬-২৭ জুন ২০১৯ এ ২ দিনের ১টি প্রশিক্ষণ কর্মশালা-পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১০ জন এবং বিবিএস ও মাঠ পর্যায়ের ৩০ জনসহ মোট ৪০ জন কর্মকর্তার সমন্বয়ে আয়োজন করতে হবে। স্থান : বিবিএস এর সম্মেলন কক্ষ।
- অনুচ্ছেদ ৩ এর ক ও খ এ বর্ণিত ওরিয়েন্টেশন ও প্রশিক্ষণ কর্মশালায় যোগদানের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মকর্তাদের নামের তালিকা জরুরী ভিত্তিতে বিবিএস এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রশাসন উইং থেকে পত্রের মাধ্যমে সংগ্রহ করতে হবে।
- কর্মপরিকল্পনার ৭ নং ক্রমিকে উল্লিখিত বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনা আগামী ১৬-০৬-২০১৯ তারিখের মধ্যে এ বিভাগের সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার কর্তৃক কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর মন্টরদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। একই সাথে মন্টরদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে।
- দু'টি উদ্ভাবনী প্রকল্প সরজমিনে পরিদর্শন করে প্রকল্প উন্নয়নে কোন সহায়তার প্রয়োজন আছে কি না এ মর্মে প্রতিবেদন দিতে হবে। দায়িত্ব: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জনাব মোঃ নূরুল আলম, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার এবং জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- তাং-২২/৫/২০১৯
(মো: নূরুল আলম)
যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)

নং-৫২.০০.০০০০.০১৮.২৫.০০৫.১৮- ৩৭


তারিখ: ২২/৫/২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। উপসচিব (উন্নয়ন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৩। উপসচিব (অডিট ও সমন্বয় অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৪। উপসচিব ও সদস্য সচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৫। সচিব এর একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৬। ইনোভেশন অফিসার, বিবিএস, আগারগাঁও, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২) সহকারী সচিব, প্রশাসন-২, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৫) অফিস কপি।



মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫০০৭৩৮৪